14

দৈনিক সংবাদ

তারিখ ... 12 APR 1996
পৃষ্ঠা ৮ কলাম ... ৭

# বগুড়ায় জাল সার্টিফিকেট তৈরির কারখানা আবিষ্কার

বগুড়া, ১১ই এপ্রিল (জেলা বার্তা পরিবেশক)।– বগুড়া পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে শহরতলির নিশিন্দারা থেকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি শ্রেণীর বিপুলসংখ্যক জাল সার্টিফিকেট উদ্ধার করেছে। সেই সাথে পুলিশ উদ্ধার করেছে সার্টিফিকেট জাল করার জন্য সংগ্রহ করা নানা ধরনের সামগ্রী।

পুলিশ জানায়, গোপন সূত্রে খবর পাওয়ার পর ঐ এলাকার মোস্তফা কামাল দুলালের বাড়ি তল্লাশি করে উদ্ধার করা হয় মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি শ্রেণীর বিপুলসংখ্যক জাল সার্টিফিকেট, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাময়িক সনদপত্র ফরম, ২১টি সিলসহ নানা ধরনের কাগজপত্র। পুলিশ একই বাড়ি থেকে আরো উদ্ধার করেছে রাজশাহী বোর্ড থেকে অবৈধভাবে পাওয়া বেশকিছু ফাঁকা মার্কসিট। পুলিশ অনুমান করছে দুলালের বাড়িটি জাল সার্টিফিকেট তৈরির একটা বড় ধরনের কারখানা। জাল এসব সার্টিফিকেট এমনভাবে তৈরি করা হয়েছে যার কারণে বলা কঠিন যে, সার্টিফিকেটগুলো আসল কি নকল। পুলিশ ঐ বাড়ি থেকে বগুড়ার কাহালু কলেজের একটি টেবুলেশন সিটও আটক করেছে।